# আমার বাংলা বই


## ইবতেদায়ি

## প্রথম শ্রেণি





জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় পতাকা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় পতাকায় সবুজ ক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ভরাট বৃত্ত থাকবে।

## পতাকা নির্মাণের নিয়মাবলি



দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ১০ : ৬। অর্থাৎ যদি দৈর্ঘ্য ৩০৫ সেমি (১০ ফুট) হয়, প্রস্থ ১৮৩ সেমি (৬ ফুট) হবে। লাল বৃত্তটির ব্যাসার্ধ পতাকার দৈর্ঘ্যের পাঁচ ভাগের এক ভাগ। পতাকার দৈর্ঘ্যের ২০ ভাগের ৯ ভাগে একটি লম্ব (খাড়া সরলরেখা) টানতে হবে। তারপর প্রস্থের ঠিক অর্ধেক ভাগে দৈর্ঘ্যের সঙ্গে সমান্তরাল করে আর একটি রেখা টানতে হবে। এই দুটি রেখার ছেদবিন্দুই হবে বৃত্তটির কেন্দ্রবিন্দু।

## ভবনে ব্যবহারের জন্য

(ভবনের আকার ও আয়তন অনুযায়ী)

৩০৫ সেমি x ১৮৩ সেমি (১০' x ৬')

১৫২ সেমি x ৯১ সেমি (৫' x ৩')

৭৬ সেমি x ৪৬ সেমি (২$\frac{১}{২}$' x ১$\frac{১}{২}$')

# জাতীয় সংগীত

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।
চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস, আমার প্রাণে বাজায় বাঁশি ॥
ও মা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে,
মরি হায়, হায় রে–
ও মা, অঘ্রানে তোর ভরা ক্ষেতে আমি কী দেখেছি মধুর হাসি ॥

কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো–
কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কূলে কূলে।
মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,
মরি হায়, হায় রে–
মা, তোর বদনখানি মলিন হলে, ও মা, আমি নয়নজলে ভাসি ॥

**–রবীন্দ্রনাথ ঠাকুর**

---

## গাওয়ার জন্য জাতীয় সংগীতের পূর্ণপাঠ

---

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।
চিরদিন তোমার আকাশ,
চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস,
আমার প্রাণে
ও মা, আমার প্রাণে বাজায় বাঁশি,
সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি ॥
ও মা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে,
মরি হায়, হায় রে–
ও মা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে,
ও মা, অঘ্রানে তোর ভরা ক্ষেতে কী দেখেছি
আমি কী দেখেছি মধুর হাসি।
সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি ॥
কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো–
কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কূলে কূলে।
মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,
মরি হায়, হায় রে–
মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,
মা, তোর বদনখানি মলিন হলে, আমি নয়ন
ও মা, আমি নয়নজলে ভাসি ॥
সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি ॥


জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২৩ শিক্ষাবর্ষের জন্য
ইবতেদায়ি প্রথম শ্রেণির পাঠ্যপুস্তকরূপে নির্ধারিত

# আমার বাংলা বই

## ইবতেদায়ি

## প্রথম শ্রেণি

(পরীক্ষামূলক সংস্করণ)





**রচনা ও সংকলন**

ড. শোয়াইব জিবরান
ড. সুমন সাজ্জাদ
ড. তারিক মনজুর
খুরশীদা আক্তার জাহান
মোহা: মোমিনুল হক

**শিল্প নির্দেশনা ও চিত্রাঙ্কন**

হাশেম খান


জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
কর্তৃক প্রকাশিত

---

(প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত)

প্রথম মুদ্রণ : অক্টোবর, ২০২২
পুনর্মুদ্রণ : , ২০২৩

গ্রাফিক ডিজাইন : কে এম ইউছুফ আলী লিপন

ডিজাইন
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

---

মুদ্রণে:

# প্রসঙ্গ কথা

শিশুর মনোজগত এক অপার বিস্ময়ের লীলাভূমি। নানা রঙিন কল্পনার খেলা চলে সেখানে। সেই জগতে শিক্ষাকে সমৃদ্ধ করতে দার্শনিক, মনোবিজ্ঞানী, শিশুবিশেষজ্ঞ ও শিক্ষাবিদদের ভাবতে হয় অবিরাম। শিশুর অপরিসীম কৌতূহল, বিস্ময়, আনন্দ, আগ্রহ ও উদ্যমের যথাযথ ব্যবহার করে সর্বাঙ্গীণ বিকাশ সাধন করা প্রয়োজন। শিশুর সক্রিয় ও অভিজ্ঞতাভিত্তিক শিখন পরিকল্পনা করে তার সামগ্রিক বিকাশ নিশ্চিত করার লক্ষ্যে পরিমার্জিত শিক্ষাক্রম ২০২১ প্রণয়ন করা হয়।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে ২০০৯ সাল থেকে সরকার প্রাক-প্রাথমিক স্তর থেকে দশম শ্রেণি পর্যন্ত শিক্ষার সকল শাখায় পাঠ্যপুস্তক বিনামূল্যে বিতরণের যুগান্তকারী কার্যক্রম শুরু করে। তাঁর নির্দেশনা অনুযায়ী আজকের শিক্ষার্থীকে যুগোপযোগী শিক্ষায় শিক্ষিত করার লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এই শিক্ষাক্রমে বৈশ্বিক ও স্থানীয় চাহিদা, চতুর্থ শিল্প বিপ্লব, এসডিজি ২০৩০ এবং বাংলাদেশের ভিশন ২০৪১-কে সামনে রেখে শিখন যোগ্যতাগুলোকে সাজিয়েছে যেখানে বিভিন্ন সক্রিয় ও অভিজ্ঞতাভিত্তিক শিখন অন্তর্ভুক্ত করা হয়েছে।


বিশ্বায়নের যুগে মাতৃভাষার দক্ষতা অর্জন একজন শিক্ষার্থীর জন্য অপরিহার্য। শিক্ষার্থীর শোনা, বলা, পড়া ও লেখার গাঁথুনি তার অন্যান্য বিষয় শিখনকেও ত্বরান্বিত ও আনন্দময় করে। ফলে শিশুর এই ভাষাগত দক্ষতা তাকে আত্মবিশ্বাসী করে। মাতৃভাষার যথাযথ গাঁথুনি শিশুর শিক্ষার উন্নয়নে অন্যতম হাতিয়ার হিসেবে কাজ করে।

প্রথম শ্রেণির শিক্ষার্থীর জন্য প্রণীত বাংলা পাঠ্যপুস্তকটি রচনা ও প্রকাশনার বিভিন্ন ধাপে এর লেখক, সম্পাদক, যৌক্তিক মূল্যায়নকারী, সমন্বয়ক, মুদ্রণ ও প্রকাশনায় সহায়তাকারীদের অবদান পাঠ্যপুস্তকটিকে সমৃদ্ধ ও পরিপূর্ণ করেছে। স্বল্প সময়ে প্রণয়নের পরিপ্রেক্ষিতে এই পাঠ্যপুস্তকে যদি কোনো ভুল-ত্রুটি থেকে যায় তাহলে সে ব্যাপারে যৌক্তিক ও গঠনমূলক পরামর্শ অবশ্যই প্রশংসার সাথে বিবেচিত হবে। প্রভূত সম্ভাবনার আধার শিশুদের যথাযথ ও যুগোপযোগী শিখনের জন্য এই পাঠ্যপুস্তকটির ব্যবহার যেন ফলপ্রসূ হয় সেই প্রত্যাশা করছি।

প্রফেসর মোঃ ফরহাদুল ইসলাম
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ



# সূচিপত্র




| পাঠ | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | আমার পরিচয় | ১ |
| ২ | এসো রং করি ও আঁকি | ২ |
| ৩ | আমি ও আমার বিদ্যালয় | ৩ |
| ৪ | আমি ও আমার সহপাঠীরা | ৪ |
| ৫ | আঁকাআঁকি | ৬ |
| ৬ | আমরা কী কী করি | ৮ |
| ৭ | আঁকাআঁকি | ৯ |
| ৮ | ছড়া | ১১ |
| ৯ | বাঘ ও রাখাল | ১২ |
| ১০ | বর্ণ শিখি : অ আ | ১৫ |
| ১১ | বর্ণ শিখি : ই ঈ | ১৬ |
| ১২ | বর্ণ শিখি : উ ঊ | ১৭ |
| ১৩ | বর্ণ শিখি : ঋ | ১৮ |
| ১৪ | বর্ণ শিখি : এ ঐ | ২০ |
| ১৫ | বর্ণ শিখি : ও ঔ | ২১ |
| ১৬ | স্বরবর্ণ | ২২ |
| ১৭ | ইতল বিতল | ২৪ |
| ১৮ | কারচিহ্ন দেখি | ২৫ |
| ১৯ | বর্ণ শিখি : ক খ গ ঘ ঙ | ২৬ |
| ২০ | বর্ণ শিখি : চ ছ জ ঝ ঞ | ২৮ |
| ২১ | আ-কার শিখি | ৩০ |
| ২২ | ই-কার ঈ-কার শিখি | ৩১ |
| ২৩ | বর্ণ শিখি : ট ঠ ড ঢ ণ | ৩২ |
| ২৪ | বর্ণ শিখি : ত থ দ ধ ন | ৩৪ |
| ২৫ | ট্রেন | ৩৬ |
| ২৬ | বর্ণ শিখি : প ফ ব ভ ম | ৩৭ |
| ২৭ | উ-কার ঊ-কার শিখি | ৩৯ |
| ২৮ | ঋ-কার শিখি | ৪০ |
| ২৯ | এ-কার ঐ-কার শিখি | ৪১ |
| ৩০ | বর্ণ শিখি : য র ল | ৪২ |
| ৩১ | ও-কার ঔ-কার শিখি | ৪৪ |
| ৩২ | বর্ণ শিখি : শ ষ স হ | ৪৫ |
| ৩৩ | বর্ণ শিখি : ড় ঢ় য় ৎ | ৪৭ |
| ৩৪ | বর্ণ শিখি : ং ঃ ঁ | ৪৯ |
| ৩৫ | ছবি দেখি শব্দ বানাই | ৫১ |
| ৩৬ | এসো পড়ি ও লিখি | ৫২ |
| ৩৭ | এসো পড়ি ও লিখি | ৫৩ |
| ৩৮ | এসো পড়ি ও লিখি | ৫৪ |
| ৩৯ | ব্যঞ্জনবর্ণ | ৫৫ |
| ৪০ | মামার বাড়ি | ৫৭ |
| ৪১ | তুলির ঘর | ৫৯ |
| ৪২ | ভোর হলো | ৬০ |
| ৪৩ | যেতে যেতে পড়ি | ৬১ |
| ৪৪ | পড়ি ও লিখি | ৬৩ |
| ৪৫ | সাত দিনের কথা | ৬৫ |
| ৪৬ | আজকের দিন | ৬৮ |
| ৪৭ | ছুটি | ৭০ |
| ৪৮ | আমাদের দেশ | ৭১ |
| ৪৯ | মাছের রাজা | ৭৩ |
| ৫০ | সংখ্যা শিখি | ৭৪ |
| ৫১ | মুক্তিযুদ্ধ ও বিজয় | ৭৭ |
| ৫২ | শব্দ নিয়ে খেলা | ৭৯ |
| ৫৩ | আমার ঠিকানা | ৮০ |



পাঠ ১

# আমার পরিচয়

আমার নাম ______________________


আমি প্রথম শ্রেণিতে পড়ি।

আমার রোল নম্বর ______________________

আমার বিদ্যালয়ের নাম ______________________



# এসো রং করি ও আঁকি



## পাঠ ৩

# আমি ও আমার বিদ্যালয়

### শুনি ও বলি

খুশি আপা : কেমন আছ সবাই?
সবাই : ভালো আছি।
খুশি আপা : স্কুল কেমন লাগছে তোমাদের?
রাফি ও তুলি : খুব ভালো লাগছে, আপা।
খুশি আপা : কত নতুন নতুন বন্ধু, তাই না? অনেক ভালো লাগবে। তোমার নাম কী?
তপু : আমার নাম তপু।
খুশি আপা : তোমার নাম বলো।
তুলি : আপা, আমার নাম তুলি।
খুশি আপা : এবার তোমরা একজন একজন করে নিজের নাম বলো। ঠিক আছে।

**সহপাঠীদের সাথে পরিচিত হই। নিজের নাম বলি। নাম জানতে চাই।**



## পাঠ ৪

# আমি ও আমার সহপাঠীরা

### চলো পরিচিত হই




শিক্ষাবর্ষ ২০২৪




## কথা বলি

– তোমার নাম কী?
– আমার নাম রাফি।
– তোমার নাম কী?
– আমার নাম তুলি।
– তোমার হাতে কী বই?
– আমার বাংলা বই।

## শুনি ও বলি


মিলি : তোমার নাম কী ?
অভি : আমার নাম অভি।
মিলি : আমরা একসাথে পড়ি।
অভি : ওরাও আমাদের সাথে পড়ে?
মিলি : হ্যাঁ। ওরা হলো তুলি আর রাফি।
অভি : আমরা একসাথে খেলব।
সবাই : ঠিক। ঠিক। আর একসাথে পড়ব।



পাঠ ৫


# আঁকাআঁকি

## দাগ দেই ও রং করি



শিক্ষাবর্ষ ২০২৪

# দাগ দেই ও রং করি



## পাঠ ৬

# আমরা কী কী করি

### শুনি ও বলি





### শুনি ও বলি


সকালে উঠে আমরা কী কী করি?
আমরা কেন হাত মুখ ধুই?
আমরা কখন পড়তে বসি?
আমরা কখন খেলা করি?
আমরা কখন ঘুমাতে যাই?


শিক্ষাবর্ষ ২০২৪


# পাঠ ৭

# আঁকাআঁকি













# আঁকাআঁকি









শিক্ষাবর্ষ ২০২৪



## পাঠ ৮

শুনি ও বলি



### ছড়া

আতা গাছে তোতা পাখি
ডালিম গাছে মউ।
এত ডাকি তবু কথা
কও না কেন বউ।

ছবি দেখি ও নাম বলি



আতা ফল



টগর ফুল



দোয়েল পাখি

নিজের জানা একটি ছড়া বলি

## পাঠ ৯

শুনি ও বলি

# বাঘ ও রাখাল



এক ছিল রাখাল।



সে মাঠে গরু চরাত।



বাঁশি বাজাত।



তবু তার সময় কাটত না।



সে একদিন মজা করল।



গাছের আড়ালে লুকাল।

শিক্ষাবর্ষ ২০২৪



তারপর বলল, বাঘ এসেছে,
বাঘ এসেছে।



গ্রামবাসীরা দৌড়ে এল।



তাদের বোকা বানিয়ে মজা পেল।



এ রকম সে অনেক দিন করল।



গ্রামবাসীরা খুব রাগ করল।



একদিন সত্যিই বাঘ এল।



রাখাল চিৎকার করল,
বাঘ বাঘ বাঘ।




এবার আর কেউ এল না।
বাঘ রাখালকে নিয়ে গেল।



রাখালকে আর খুঁজে পাওয়া গেল না।





# পাঠ ১০

# বর্ণ শিখি : অ আ

## শুনি ও বলি



অশোক ফুল ফুটেছে ভাই। অশোক অ



আম খেয়েছি। আতা চাই। আম আ



## পড়ি

অ আ

## লিখি

| | | | |
|---|---|---|---|
| অ | অ | আ | আ |
| | | | |



## পাঠ ১১

# বর্ণ শিখি : ই ঈ

### শুনি ও বলি



ইট রয়েছে সবুজ ঘাসে।　　ইট　　ই



ঈগল ওড়ে ওই আকাশে।　　ঈগল　　ঈ

### পড়ি

ই　　ঈ

### লিখি

| | | | |
|---|---|---|---|
| ই | ই | ঈ | ঈ |
| | | | |

# পাঠ ১২

## বর্ণ শিখি : উ ঊ

### শুনি ও বলি



উট চলেছে দলে দলে। উট উ



ঊর্মি দেখি সাগর জলে। ঊর্মি ঊ

### পড়ি

উ ঊ

### লিখি

উ ঊ

# পাঠ ১৩



## বর্ণ শিখি : ঋ

### শুনি ও বলি



ঋতু আসে ঋতু যায়।
ফুল ফোটে পাখি গায়।

ঋতু    ঋ

### পড়ি

ঋ

### লিখি

ঋ

শিক্ষাবর্ষ ২০২৪

## বর্ণ খুঁজে বের করি। গোল দাগ দেই।

ই ঊ অ ঈ আ উ ঋ

## সাজিয়ে লিখি

ই ঊ অ ঈ আ উ



# পাঠ ১৪




## বর্ণ শিখি : এ ঐ

### শুনি ও বলি



একতারা বাজে ওই। একতারা এ



ঐরাবত যায় কই? ঐরাবত ঐ

### পড়ি


এ ঐ

### লিখি

| | | | |
|---|---|---|---|
| এ | এ | ঐ | ঐ |
| | | | |


শিক্ষাবর্ষ ২০২৪

## পাঠ ১৫



# বর্ণ শিখি : ও ঔ

### শুনি ও বলি



ওলকপি খাও।

ওলকপি ও



ঔষধ দাও।

ঔষধ ঔ



### পড়ি

ও ঔ

### লিখি

| ও | ও | ঔ | ঔ |
|---|---|---|---|
| | | | |

শিক্ষাবর্ষ ২০২৪

পাঠ ১৬

# স্বরবর্ণ

## শুনি ও বলি

| | | | |
|---|---|---|---|
| অ | আ | ই | ঈ |
| উ | ঊ | ঋ | |
| এ | ঐ | ও | ঔ |

## পড়ি আর রং করি

আ ঈ ঋ ঊ ঐ ঔ ঊ

আ ঈ ঋ ঊ

ঐ ঔ ঊ





শিক্ষাবর্ষ ২০২৪

শব্দগুলো শুনি। ঐ, ঋ, অ, উ, ঔ খুঁজে বের করি। গোল দাগ দেই।

অরুণ ঐরাবত ঋতু উট ঔষধ

সাজিয়ে লিখি

আ ঋ উ ই ঊ ঐ ঈ ঔ

অ এ ও

শিক্ষাবর্ষ ২০২৪

## পাঠ ১৭

### শুনি ও বলি




# ইতল বিতল

**সুফিয়া কামাল**

ইতল বিতল গাছের পাতা
গাছের তলায় ব্যাঙের ছাতা
বিষ্টি পড়ে ভাঙে ছাতা
ডোবায় ডুবে ব্যাঙের মাথা।

(সংক্ষেপিত)


### ছবি দেখি ও শব্দ বলি





### নিজের জানা একটি বৃষ্টির ছড়া বলি

## পাঠ ১৮



# কারচিহ্ন দেখি

আ া

ই ি    ঈ ী

উ ু    ঊ ূ

ঋ ৃ


এ ে    ঐ ৈ

ও ো    ঔ ৌ

# পাঠ ১৯

## বর্ণ শিখি : ক খ গ ঘ ঙ


### শুনি ও বলি



কল থেকে জল পড়ে। কল ক



খই খাই মজা করে। খই খ



গম ভেঙে আটা পাই। গম গ



ঘর থেকে মাঠে যাই। ঘর ঘ



লাঙল নিয়ে চলছে চাষি। লাঙল ঙ
চাষির মুখে মধুর হাসি।

শিক্ষাবর্ষ ২০২৪

## ছবি দেখি শব্দ বলি



কলা



খড়



গয়না



ঘড়ি




ব্যাঙাচি

## পড়ি

# ক খ গ ঘ ঙ

## লিখি



# পাঠ ২০

## বর্ণ শিখি : চ ছ জ ঝ ঞ

### শুনি ও বলি





চক দিয়ে লেখা পড়ি। চক **চ**



ছন দিয়ে ঘর গড়ি। ছন **ছ**



জগ থেকে জল ঢালো। জগ **জ**



ঝড় আসে মেঘ কালো। ঝড় **ঝ**



মিঞ মিঞ ডেকে যায়
বিড়ালটা আঙিনায়। মিঞ **ঞ**

শিক্ষাবর্ষ ২০২৪

## ছবি দেখি শব্দ বলি



চশমা



ছই



জল



ঝরনা



মিঞা

## পড়ি


চ ছ জ ঝ ঞ

## লিখি

# পাঠ ২১

## আ-কার শিখি

| আ-কার | া |
|---|---|



কাক

া া া া া







কাক কাগজ

# পাঠ ২২

## ই-কার ঈ-কার শিখি

| | |
|---|---|
| ই-কার | ি |
| ঈ-কার | ী |




ঘি

ি




কী

ী

ঘি কী

## পাঠ ২৩

# বর্ণ শিখি : ট ঠ ড ঢ ণ



### শুনি ও বলি




টব ভরা ফুল গাছে। টব **ট**



ঠোঙা ভরা মুড়ি আছে। ঠোঙা **ঠ**



ডাব আনি ঝুড়ি ভরে। ডাব **ড**



ঢাক বাজে জোরে জোরে। ঢাক **ঢ**

লবণ দিলে বাড়বে স্বাদ।
বেশি দিলে খাবার বাদ। লবণ **ণ**



## ছবি দেখি শব্দ বলি



টমেটো



ঠোঁট



ডিম



ঢাল



হরিণ

## পড়ি

ট ঠ ড ঢ ণ

## লিখি

# পাঠ ২৪

## বর্ণ শিখি : ত থ দ ধ ন

### শুনি ও বলি




তবলা আনো একটু বাজাই। তবলা **ত**




থলে নিয়ে বাজারে যাই। থলে **থ**



দই খাই মজা করে। দই **দ**




ধনুক দেখো একটু ধরে। ধনুক **ধ**




নখ কেটে ছোটো রাখি
হাত ধুয়ে ভালো থাকি। নখ **ন**

শিক্ষাবর্ষ ২০২৪

## ছবি দেখি শব্দ বলি



তালা




থালা



দড়ি



ধান



নল



## পড়ি

# ত থ দ ধ ন


## লিখি

| | | | | |
|---|---|---|---|---|
| ত | থ | দ | ধ | ন |
| ত | থ | দ | ধ | ন |
| | | | | |
| | | | | |

# পাঠ ২৫



## শুনি ও বলি



### ট্রেন
**শামসুর রাহমান**

ঝক ঝকাঝক ট্রেন চলেছে
রাত দুপুরে অই।
ট্রেন চলেছে, ট্রেন চলেছে
ট্রেনের বাড়ি কই?
একটু জিরোয়, ফের ছুটে যায়
মাঠ পেরুলেই বন।
পুলের ওপর বাজনা বাজে
ঝন ঝনাঝন ঝন।


(সংক্ষেপিত)

## মুখে মুখে উত্তর বলি

ট্রেন কেমন শব্দ করে চলে?

মাঠ পেরুলেই কী?

## এসো রং করি




## নিজের জানা একটি ছড়া বলি

## পাঠ ২৬

# বর্ণ শিখি : প ফ ব ভ ম

### শুনি ও বলি



পথ দিয়ে চলে গাড়ি। পথ **প**



ফল কিনে যাব বাড়ি। ফল **ফ**



বক উড়ে দূরে যায়। বক **ব**



ভাইবোন ভাত খায়। ভাত **ভ**




মগ ভরে পানি নাও। মগ **ম**

ফুল গাছে পানি দাও।

## ছবি দেখি শব্দ বলি


পাখি


ফড়িং


বই


ভালুক


মই

## পড়ি

# প ফ ব ভ ম

## লিখি

# উ-কার ঊ-কার শিখি

| | |
|---|---|
| উ-কার | ু |
| ঊ-কার | ূ |



ঘুম

ু

কূপ



ূ

ঘুম কূপ

পাঠ ২৮

# ঋ-কার শিখি

| ঋ-কার | ৃ |
|---|---|




ঘৃত

ৃ




তৃণ

ঘৃত তৃণ


শিক্ষাবর্ষ ২০২৪

# পাঠ ২৯

## এ-কার ঐ-কার শিখি



| | |
|---|---|
| এ-কার | ে |
| ঐ-কার | ৈ |



তেজ

ে



বৈঠা



ৈ

তেজ বৈঠা

# পাঠ ৩০



## বর্ণ শিখি : য র ল

### শুনি ও বলি



যব কেটে ভাইজান
আঁটি বেঁধে বাড়ি যান। যব **য**




রস খেতে মজা ভারি
খেজুর গাছে রসের হাঁড়ি। রস **র**



লতা ওঠে লাঠি বেয়ে
অলি ছোটে মধু খেয়ে। লতা **ল**




## ছবি দেখি শব্দ বলি



যমজ



রবি




লাঠি



## পড়ি

# য  র  ল

## লিখি



# পাঠ ৩১

## ও-কার ঔ-কার শিখি


| | |
|---|---|
| ও-কার | ো |
| ঔ-কার | ৌ |



চোখ

ো

নৌকা



ৌ

চোখ নৌকা



শিক্ষাবর্ষ ২০২৪

# পাঠ ৩২

## বর্ণ শিখি : শ ষ স হ


### শুনি ও বলি



শসা কিনে বাড়ি আনে। শসা **শ**



মহিষ দিয়ে গাড়ি টানে। মহিষ **ষ**



সকাল বেলা সবাই জাগে। সকাল **স**



হাত ধোও খাওয়ার আগে। হাত **হ**



## ছবি দেখি শব্দ বলি



শকুন



চাষি



সড়ক




হাতুড়ি


## পড়ি

শ ষ স হ

## লিখি




## পাঠ ৩৩




# বর্ণ শিখি : ড় ঢ় য় ৎ

### শুনি ও বলি




ঝড় হলে লাগে ভয়। ঝড় **ড়**



আষাঢ় মাসে বৃষ্টি হয়। আষাঢ় **ঢ়**




ময়না পাখি গান গায়। ময়না **য়**




উৎসবে ঘর সাজায়। উৎসব **ৎ**



## ছবি দেখি শব্দ বলি




ঘুড়ি



আষাঢ়



পায়রা



শরৎ



## পড়ি


ড়    ঢ়    য়    ৎ

## লিখি

## পাঠ ৩৪

# বর্ণ শিখি : ং ঃ ঁ

### শুনি ও বলি



রং দিয়ে ছবি আঁকি।
ফুল ফল গাছ পাখি।

রং ং



দুঃখ ভুলে সুখী হও।
জেনো তুমি একা নও।

দুঃখ ঃ



চাঁদ উঠেছে ওই আকাশে।
চাঁদের সাথে খোকা হাসে।

চাঁদ ঁ



## ছবি দেখি শব্দ বলি



ফড়িং



দুঃখ




হাঁস



## পড়ি

ং ঃ ঁ

## লিখি



# পাঠ ৩৫

## ছবি দেখি শব্দ বানাই












| | | |
|---|---|---|
| | ল | |
| ব | ই | |
| | ক | |

| | | |
|---|---|---|
| ম | ই | |
| | গ | |

শিক্ষাবর্ষ ২০২৪

# পাঠ ৩৬

## এসো পড়ি ও লিখি

কাক — কাক ডাকে।
ঘি — ঘি কিনি।
নীল — নীল আকাশ।




### পড়ি ও লিখি

| | | |
|---|---|---|
| কাক | ঘি | নীল |
| কাক | ঘি | নীল |
| কাক | ঘি | নীল |

### লিখি

নদী দেখি।

শিক্ষাবর্ষ ২০২৪

# পাঠ ৩৭

## এসো পড়ি ও লিখি

ফুল　　　হলুদ ফুল।
ময়ূর　　　ময়ূর নাচে।
তৃণ　　　তৃণ সবুজ।




### পড়ি ও লিখি

| | | |
|---|---|---|
| ফুল | ময়ূর | তৃণ |
| ফুল | ময়ূর | তৃণ |
| ফুল | ময়ূর | তৃণ |

### লিখি

ফুল তুলি।

## পাঠ ৩৮



# এসো পড়ি ও লিখি



| | |
|---|---|
| মেঘ | মেঘ ডাকে। |
| শৈবাল | শৈবাল ভাসে। |
| ভোর | ভোর হয়েছে। |
| নৌকা | নৌকা চলে। |

### পড়ি ও লিখি

**মেঘ বৈঠা ভোর নৌকা**

মেঘ বৈঠা ভোর নৌকা

মেঘ বৈঠা ভোর নৌকা


### লিখি

শৈবাল ভাসে।



শিক্ষাবর্ষ ২০২৪

## পাঠ ৩৯



# ব্যঞ্জনবর্ণ

| | | | | |
|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ |
| চ | ছ | জ | ঝ | ঞ |
| ট | ঠ | ড | ঢ | ণ |
| ত | থ | দ | ধ | ন |
| প | ফ | ব | ভ | ম |
| য | র | ল | | |
| শ | ষ | স | হ | |
| ড় | ঢ় | য় | ৎ | |
| ং | ঃ | ঁ | | |





# বর্ণ সাজিয়ে লিখি

| | | | | |
|---|---|---|---|---|
| গ | ঙ | খ | ক | ঘ |
| | | | | |
| ঞ | জ | ছ | ঝ | চ |
| | | | | |
| ঠ | ঢ | ট | ণ | ড |
| | | | | |
| ত | দ | ন | থ | ধ |
| | | | | |
| ফ | ব | প | ম | ভ |
| | | | | |

## শুনি ও বলি

# মামার বাড়ি

**জসীমউদ্‌দীন**

আয় ছেলেরা, আয় মেয়েরা,
ফুল তুলিতে যাই,
ফুলের মালা গলায় দিয়ে
মামার বাড়ি যাই।

ঝড়ের দিনে মামার দেশে
আম কুড়াতে সুখ
পাকা জামের শাখায় উঠি
রঙিন করি মুখ।

(সংক্ষেপিত)



## মুখে মুখে উত্তর বলি

ফুলের মালা গলায় দিয়ে ছেলে মেয়েরা কোথায় যেতে চায়?
কখন আম কুড়াতে সুখ?
তুমি মামার বাড়ি গিয়ে কী কী করো?
কবিতাটি নিজের মতো বলো।



## পরের চরণটি বলি

ফুলের মালা গলায় দিয়ে


.................................................... ।

পাকা জামের শাখায় উঠি

.................................................... ।

## নিজের জানা আরেকটি ছড়া বলি


# ইচ্ছামতো ফুলের ছবি আঁকি ও রং করি



# পাঠ ৪১

## তুলির ঘর

তুলির ঘর। ঘরে অনেক কিছু আছে। দেখি তো ঘরে কী কী আছে।



### ছবি দেখি। দেখে শব্দ লিখি।

১. ...................... ২. ......................

৩. ...................... ৪. ......................

৫. ...................... ৬. ......................

৭. ...................... ৮. ......................

৯. ...................... ১০. ......................



# ভোর হলো

**কাজী নজরুল ইসলাম**

ভোর হলো
দোর খোলো
খুকুমণি ওঠো রে!
ঐ ডাকে
জুঁই-শাখে
ফুল-খুকি ছোটো রে!
খুলি হাল
তুলি পাল
ঐ তরি চলল,
এইবার
এইবার
খুকু চোখ খুলল!
আলসে
নয় সে
ওঠে রোজ সকালে,
রোজ তাই
চাঁদা ভাই
টিপ দেয় কপালে।

(সংক্ষেপিত)

## কবিতাটি বলি

দেখে দেখে কবিতার চরণ লিখি।

দাগ টেনে শব্দের সাথে শব্দ মেলাই।

| | |
|---|---|
| চাঁদ | খুলল |
| খুলি | কপালে |
| চোখ | মামা |
| টিপ | হাল |

# পাঠ ৪৩

## যেতে যেতে পড়ি

### পড়ি


পথে যেতে যেতে তুলি পড়ে। দেয়ালের লেখা। সাইনবোর্ডের লেখা। হাতের লেখা। চলো দেখি, তুলি কী পড়ছে।




শিক্ষাবর্ষ ২০২৪



শহিদ মিনার






# পাঠ ৪৪

## পড়ি ও লিখি


### পড়ি

পাখি গান গায়।

দূরে উড়ে যায়।

গান গেয়ে পাখি

করে ডাকাডাকি।



### শব্দ বসাই

পাখি গান গায়।

উড়ে উড়ে ............। (যায়/খায়)

ওই দেখো গাছ।

জলে ভাসে ............। (মাছ/ঘড়ি)

আকাশের গায়।

মেঘ উড়ে ............। (চায়/যায়)

## পড়ি

ভোর হলো। রোদ উঠেছে। হাত মুখ ধুয়ে নিলাম। কিছু খাব। মা মুড়ি খেতে দিলেন। আমি এখন পড়তে বসব।

## নিজের মতো শব্দ বসিয়ে লিখি

এখন .................................................. । রোদ নেই। মাঠে .................................................. ।

সবাই মিলে .................................................. ।

## আজ সকালের কথা নিজের মতো লিখি

..................................................

..................................................

..................................................

..................................................

..................................................

..................................................

..................................................

..................................................

..................................................

..................................................

# পাঠ ৪৫

# সাত দিনের কথা

সাত দিনে এক সপ্তাহ। দিনগুলোর সাতটি নাম। ট্রেনের সামনে বসে আছে রাফি। রাফির কাছে দিনগুলোর নাম শুনি।




সাত দিনে কত কাজ করি আমরা। কখনো পড়ি, কখনো খেলি। কোনোদিন একেবারে ছুটি।

রাফি সাত দিনে বিভিন্ন কাজ করে। গান শোনে ও শেখে। ছবি আঁকে। সাইকেল চালায়। মাঠে খেলতে যায়। ছড়ার বই পড়ে। কাগজ কেটে ফুল বানায়। ছুটির দিনে বেড়াতে যায়।

## যুক্তবর্ণ শিখি

| | | | |
|---|---|---|---|
| সপ্তাহ | প্ত | প | ত |
| ট্রেন | ট্র | ট | র |
| মঙ্গলবার | ঙ্গ | ঙ | গ |
| বৃহস্পতিবার | স্প | স | প |
| শুক্রবার | ক্র | ক | র |
| বিভিন্ন | ন্ন | ন | ন |



শিক্ষাবর্ষ ২০২৪

## বারের নাম বলি ও লিখি। কী কাজ করি লিখি।



| | |
|---|---|
| রবিবার | |
| | |
| মঙ্গলবার | |
| | |
| বৃহস্পতিবার | |
| | |
| শনিবার | |

শিক্ষাবর্ষ ২০২৪

## সপ্তাহের দিনগুলো মনে রাখি




শিক্ষাবর্ষ ২০২৪

## পাঠ ৪৬

# আজকের দিন

### শুনি ও পড়ি



অনেক রোদ। গরম লাগছে।



মেঘ করেছে। মেঘলা দিন।



ঝড় আসছে। ঝড়ের বাতাস।



শীত। গরম কাপড় গায়ে দেই।



খুব চমৎকার দিন। বেড়াতে যাই।

শিক্ষাবর্ষ ২০২৪

## বলি

আজকের দিনটি কেমন?

ঝড়ের দিনে কী হয়?

শীতে গরম কাপড় পরতে হয় কেন?

কেমন দিন তোমার ভালো লাগে?

## নিচের বামপাশের শব্দগুলোর সাথে ডানপাশের শব্দগুলোর মিল করো

| | |
|---|---|
| নদী | গান |
| পাখি | নৌকা |
| সবুজ | বাতাস |
| ঝড় | বিছানা |
| ঘুম | পাতা |



# পাঠ ৪৭

## ছুটি

**রবীন্দ্রনাথ ঠাকুর**

মেঘের কোলে রোদ হেসেছে
বাদল গেছে টুটি,
আজ আমাদের ছুটি ও ভাই,
আজ আমাদের ছুটি।
কী করি আজ ভেবে না পাই,
পথ হারিয়ে কোন বনে যাই,
কোন মাঠে যে ছুটে বেড়াই,
সকল ছেলে জুটি।
আজ আমাদের ছুটি ও ভাই,
আজ আমাদের ছুটি।

(সংক্ষেপিত)



### কবিতাটি পড়ি

### না দেখে কবিতার চারটি চরণ লিখি

### শব্দগুলো দিয়ে বাক্য বলি ও লিখি

ছুটি ..............................

বন ..............................

পথ ..............................

### খালি জায়গায় শব্দ লিখি

মেঘের কোলে .................... হেসেছে।

পথ হারিয়ে কোন .................... যাই।

### ফাঁকা জায়গায় চরণটি লিখি

..............................................................

বাদল গেছে টুটি।

..............................................................

সকল ছেলে জুটি।

### ছুটির দিনে আমি কী কী করি তা নিয়ে তিনটি বাক্য লিখি

# পাঠ ৪৮

## আমাদের দেশ



আমাদের দেশের নাম বাংলাদেশ। এ দেশে অনেক নদী আছে। নদী বয়ে চলে। পাখিরা গান গায়। গাছে গাছে ফুল ফোটে।

এ দেশের আকাশ নীল। আকাশে উড়ে বেড়ায় সাদা মেঘ। রাতে চাঁদ ওঠে। কত ভালো লাগে।

এ দেশের পাহাড় সবুজ। তেমনি সবুজ ফসলের মাঠ।

মাঠে মাঠে ধান হয়। খালের জলে ভেসে বেড়ায় মাছ।

ভোর বেলায় দোয়েল ডাকে। দোয়েল আমাদের জাতীয় পাখি।

খুব সুন্দর আমাদের এই দেশ।

### আমাদের দেশ সম্পর্কে বলি

## যুক্তবর্ণ শিখি

আনন্দ ন্দ

| ন | দ |
|---|---|

## খালি ঘরে লিখি

আমাদের দেশের নাম ..................................................... ।

এ দেশের আকাশ ..................................................... ।

খালের জলে ভেসে বেড়ায় ..................................................... ।

আমাদের জাতীয় পাখির নাম ..................................................... ।

## আরও লিখি

লাল ..................................................... । (যেমন : লাল জামা, লাল কলম)


সবুজ..................................................... ।

হলুদ ..................................................... ।

নীল..................................................... ।

সাদা..................................................... ।

কালো..................................................... ।



## বলি

আমার দেশকে কেন ভালো লাগে?

## লিখি


আমাদের দেশ নিয়ে তিনটি বাক্য লিখি

১. .....................................................................................................

২. .....................................................................................................

৩. .....................................................................................................

## পাঠ ৪৯



# মাছের রাজা



আমাদের জাতীয় মাছ ইলিশ। ইলিশের রং রুপালি। ইলিশ সাগরে থাকে। ডিম দেয়ার সময়ে নদীতে আসে। ইলিশ হলো মাছের রাজা। ইলিশ ভাজা খেতে মজা।

### বলি ও লিখি

আমাদের জাতীয় মাছ কোনটি?

রুই/ইলিশ/বোয়াল ............................................................ ।

ইলিশ কোথায় থাকে?

সাগরে/পুকুরে/বিলে ............................................................ ।

ইলিশকে কী বলা হয়?

মাছের রাজা/মাছের রানি/মাছের উজির ........................................ ।

পাঠ ৫০

# সংখ্যা শিখি



একটি আঙুল ১



দুইটি চোখ ২



তিনটি কলম ৩



চারটিতে এক হালি ৪



পাঁচটি পুতুল ৫



ছয় ঋতুর বাংলাদেশ ৬



সাত জন বীরশ্রেষ্ঠ ৭



আটটি গ্রহ ৮

শিক্ষাবর্ষ ২০২৪



নয়টা বাজে ৯



দশটি ফড়িং ১০



ফুটবলের প্রতিদলে খেলে এগারো জন ১১

| বাংলা বার মাসের নাম | | | |
|---|---|---|---|
| বৈশাখ | জ্যৈষ্ঠ | আষাঢ় | শ্রাবণ |
| ভাদ্র | আশ্বিন | কার্তিক | অগ্রহায়ণ |
| পৌষ | মাঘ | ফাল্গুন | চৈত্র |

বারো মাসে এক বছর ১২




তেরোটি পাখি ১৩




চৌদ্দটি বই ১৪




পনেরোটি লেবু ১৫




ষোলোটি কাঠি ১৬



সতেরোটি কমলা ১৭



আঠারোটি বল ১৮



উনিশটি আম ১৯



বিশটি ফুল ২০

## যুক্তবর্ণ শিখি

চৌদ্দ দ্দ

| | |
|---|---|
| দ | দ |

## বানান করে লিখি

৮ ..................... ১৩ ..................... ২০ .....................

## সংখ্যায় লিখি

পাঁচ ..................... দশ ..................... আঠারো .....................

## ফাঁকা ঘরে সঠিক সংখ্যাটি বানান করে লিখি

| | | | | |
|---|---|---|---|---|
| তিন | | পাঁচ | | সাত |

| | | | | |
|---|---|---|---|---|
| নয় | | এগারো | | তেরো |

| | | | | |
|---|---|---|---|---|
| ষোলো | সতেরো | | উনিশ | |

শুনি ও বলি

# মুক্তিযুদ্ধ ও বিজয়



৭ই মার্চ, ১৯৭১। ঢাকায় রেসকোর্স ময়দানে নেমেছে মানুষের ঢল। তারা এসেছে একজনের কথা শুনতে। মঞ্চে এসে দাঁড়ালেন তিনি। বললেন স্বাধীনতার কথা। তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি আমাদের জাতির পিতা।

২৫শে মার্চ, ১৯৭১। গভীর রাত। পাকিস্তানি সেনারা সারাদেশে আক্রমণ করল। আগুনে পুড়িয়ে দিল বাড়িঘর। গুলি করল। মারা গেল শত শত বাঙালি।

২৬শে মার্চ, ১৯৭১। শুরু হলো মুক্তিযুদ্ধ। গড়ে উঠল মুক্তিযোদ্ধাদের দল। তারা রোদে পুড়ল, বৃষ্টিতে ভিজল, শীতে কাঁপল। তবু লড়াই থামাল না। ভেঙে গুঁড়িয়ে দিল পাকিস্তানি সেনাদের ঘাঁটি। জীবন দিয়ে ছিনিয়ে আনল বিজয়।

১৬ই ডিসেম্বর, ১৯৭১। জন্ম নিল নতুন দেশ। বাংলাদেশ।

## শব্দ শিখি

যুদ্ধ – লড়াই।

রেসকোর্স ময়দান – ঢাকার একটি মাঠের নাম। এটি এখন সোহরাওয়ার্দি উদ্যান।

বঙ্গবন্ধু – বাংলার বন্ধু।

আক্রমণ – আঘাত।

গুঁড়িয়ে দিল – ভেঙে দিল।

## জেনে রাখি

২৬শে মার্চ – বাংলাদেশের স্বাধীনতা দিবস।

১৬ই ডিসেম্বর – বাংলাদেশের বিজয় দিবস।


## বলি

স্বাধীনতার কথা কে বললেন?

আমাদের জাতির পিতা কে?

## যুক্তবর্ণ শিখি

| | | | |
|---|---|---|---|
| মঞ্চ | ঞ্চ | ঞ | চ |
| স্বাধীনতা | স্ব | স | ব |
| বন্ধু | ন্ধ | ন | ধ |
| পাকিস্তানী | স্ত | স | ত |
| মুক্তি | ক্ত | ক | ত |
| যুদ্ধ | দ্ধ | দ | ধ |
| বৃষ্টি | ষ্ট | ষ | ট |
| ডিসেম্বর | ম্ব | ম | ব |
| জন্ম | ন্ম | ন | ম |




শিক্ষাবর্ষ ২০২৪

# পাঠ ৫২

## শব্দ নিয়ে খেলা

অভি ক বর্ণ দিয়ে একটি শব্দ বলল। শব্দটি হলো কলম। কলমের শেষ বর্ণ ম। তুলি ম দিয়ে একটি শব্দ বলল। সেটি হলো ময়ূর। ময়ূরের শেষ বর্ণ র। রাফি র দিয়ে একটি শব্দ বলল। সেটি হলো রাত। মিলি বলল ত দিয়ে বানানো শব্দ। সেটি হলো তাল। এখন তুমি ল দিয়ে একটি শব্দ বলো। এভাবে তোমরা খেলাটি চালিয়ে যেতে পারো।



## পাঠ ৫৩

# আমার ঠিকানা

## বলি ও লিখি

### শিক্ষকের সহযোগিতা নিয়ে নিচের ছক পূরণ করো

| | |
|---|---|
| নাম | |
| মায়ের নাম | |
| বাবার নাম | |
| গ্রামের নাম/ বাসা নম্বর | |
| ডাকঘর | |
| থানা/উপজেলা | |
| জেলা | |

সমাপ্ত



২০২৪ শিক্ষাবর্ষের জন্য, প্রথম শ্রেণি-বাংলা



বড়দের সম্মান করো

তথ্য, সেবা ও সামাজিক সমস্যা প্রতিকারের জন্য ৩৩৩ কলসেন্টারে ফোন করুন

নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটলে প্রতিকার ও প্রতিরোধের জন্য ন্যাশনাল হেল্পলাইন সেন্টারে ১০৯ নম্বর-এ (টোল ফ্রি, ২৪ ঘন্টা সার্ভিস) ফোন করুন

শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ

শিক্ষা মন্ত্রণালয়

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য